

💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

ইতোপূর্বে এ জাতীয় একটি প্রশ্নের জবাব আমরা প্রদান করেছি। আয়েশা (রাদিয়াল্লান্থ 'আনহা)—এর হাদীছের আলোকে আমরা বলেছি, কোন মহিলা কবর যিয়ারতের উদ্দেশ্যে বের হলে তা কবীরা গোনাহ হিসাবে বিবেচিত হবে। কিন্তু যদি সে কবর যিয়ারতের নিয়্যত ছাড়াই কবরের পাশ দিয়ে অতিক্রম করে এবং একটু দাঁড়িয়ে কবরবাসীকে সালাম দেয়, তাহলে তাতে কোনো দোষ নেই। এটিই আয়েশা (রাদিয়াল্লাহ্ণ 'আনহা)—এর হাদীছের ব্যাখ্যা। ফলে হাদীছদ্বয়ের মধ্যে আর বৈপরীত্য থাকল না। 'আমাদেরকে মৃতের জানাযা ও কাফন-দাফনে শরীক হতে নিষেধ করা হত, কিন্তু আমাদের প্রতি কঠোরতা দেখানো হত না' উদ্মে আত্বিইয়া (রাদিয়াল্লাহ্ছ 'আনহা)—এর এই হাদীছের ব্যাখ্যায় বেশীর ভাগ বিদ্বান বলেছেন, 'আমাদেরকে মৃতের জানাযা ও কাফন-দাফনে শরীক হতে নিষেধ করা হত' মর্মে উদ্মে আত্বিইয়ার এই বর্ণনাটুকুই ধর্তব্য হবে। আর হাদীছের পরবর্তী অংশ 'আমাদের উপর কঠোরতা করা হত না' তাঁর নিজস্ব বুঝ। তবে হতে পারে এটিই রাসূল সাল্লাল্লাহ্ছ 'আলাইহি ওয়াসাল্লাম—এর উদ্দেশ্য। কিন্তু মনে রাখতে হবে, জানাযার কাজে শরীক হওয়া আর কবর যিয়ারত করা এক নয়। কেননা জানাযার কাজে পুরুষ থাকায় তারা মহিলাদেরকে নিষিদ্ধ কাজ থেকে বাধা দিতে পারে; কিন্তু কবর যিয়ারতের ক্ষেত্রে তা তেমনটি সম্ভব হয় না।

ফুটনোট

- [1]. ছহীহ মুসলিম, 'জানাযা' অধ্যায়, হা/ ৯৭৪, ৯৭৫।
- [2]. বুখারী, 'জানাযা' অধ্যায়, হা/১২৭৮; মুসলিম, 'জানাযা' অধ্যায়, হা/৯৩৮।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=1724

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন